



## আজ ভারত যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান



পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। ছবি: সংগৃহীত

আগামী ১০-১২ এপ্রিল মরিশাসে অনুষ্ঠিত ভারত মহাসাগর সম্মেলনে অংশ নিতে মঙ্গলবার ভারত যাচ্ছেন পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান। পথে নয়াদিল্লিতে অবস্থানকালে তিনি ভারতের শীর্ষ পর্যায়ের নেতাদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন।

সফরকালে ভারতের পররাষ্ট্রমন্ত্রী ড. এস জয়শংকর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত দোভাল এবং পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হারদীপ সিং পুরির সঙ্গে তার বৈঠক হওয়ার কথা রয়েছে। এসব আলোচনায় পারস্পরিক সম্মান ও আস্থার ভিত্তিতে দুই দেশের সম্পর্ককে আরও সুসংহত ও গতিশীল করার বিষয়ে গুরুত্ব দেওয়া হবে।

বিশেষজ্ঞরা মনে করছেন, এই সফরের মাধ্যমে বাংলাদেশ-ভারত সহযোগিতার ক্ষেত্রগুলো আরও সম্প্রসারিত ও টেকসই ভিত্তিতে এগিয়ে নেওয়ার সুযোগ তৈরি হবে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরও এ সফরে পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে মরিশাস সম্মেলনে অংশ নেবেন।

LENS ASIA